# উল্লাপাড়া উপজেলা পরিষদের আগষ্ট-২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া ।

সভার তারিখ ঃ ১০-০৮-২০২৩ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

## বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি

| গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| জন্ম নিয়ন্ত্রণে উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া | জন্ম নিয়ন্ত্রণে উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত আছে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করা হচ্ছে |
| ডেঙ্গু প্রতিরোধে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির জন্য স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া | ডেঙ্গু প্রতিরোধে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির জন্য স্বাস্থ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে |
| নির্ধারিত তারিখের মধ্যে ভিডাব্লিউবি এর মালামাল বিতরণ নিশ্চিত করতে হবে । কোন কারণে যথাসময়ে মালামাল বিতরণ করা সম্ভব না হলে পরিবর্তিত তারিখ অবশ্যই সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাগণকে জানাতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান | নির্ধারিত তারিখের মধ্যে ভিডাব্লিউবি এর মালামাল বিতরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে |
| উপজেলা সমাজ সেবা অফিসের ভাতাভোগীদের লাইভ ভ্যারিফিকেশন সংক্রান্ত কাজে কোন জটিলতা সৃষ্টি হলে তা দ্রুত সমাধান করতে হবে।<br>প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদনের বিষয়টি মাইকিং এর মাধ্যমে উপজেলার সর্বত্র বহুল প্রচার নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা সমাজ সেবা দপ্তরের সকল ভাতাভোগীদের অনলাইন জন্ম নিবন্ধন সম্পন্ন না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। |
| স্বল্প মেয়াদী আবাদ বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত সারের সরবরাহ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>কৃষি প্রণোদনা বিতরণের ক্ষেত্রে এতদসংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রকৃত কৃষকদের মাঝে প্রণোদনা বিতরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া | স্বল্প মেয়াদী আবাদ বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত সারের সরবরাহ নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে |
| গবাদি প্রাণির এলএসডি রোগ প্রতিরোধে খামারীদের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে এবং প্রয়োজনীয় ভ্যাকসিনেশন কার্যক্রম গ্রহণ করতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া | গবাদি প্রাণির এলএসডি রোগ প্রতিরোধে খামারীদের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করা হচ্ছে |
| মৎস্য সম্পদ রক্ষায় অবৈধ কারেন্ট/চায়না দুয়ারী চালের ব্যবহার বন্ধে অভিযান জোরদার করতে হবে। মৎস্য সম্পদ ধ্বংসকারী/অবৈধ জাল ব্যবহারকারীদের বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতা প্রদান নিশ্চিত করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া | মৎস্য সম্পদ রক্ষায় অবৈধ কারেন্ট/চায়না দুয়ারী চালের ব্যবহার বন্ধে অভিযান জোরদার করা হয়েছে। |
| " আমার চোখে বঙ্গবন্ধু " শিরোনামে বঙ্গবন্ধুর জীবন ও দর্শনের উপর ০১ মিনিটের ভিডিও সঠিকভাবে যাচাই বাছাই করে নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে |
| আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সময়পোযোগী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে। ঋণ প্রদানে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার প্রদান করতে হবে এবং ঋণ আদায়ের তৎপরতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা সমবায় কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া | আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সময়পোযোগী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়েছে |
| অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুতসহ | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে |

| | | |
|---|---|---|
| দ্রুততম সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো। | | |
| সরেজমিনে তদন্ত পূর্বক রুদ্রগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জনাব মোঃ শাহজাহান আলী এবং একই বিদ্যালয়ের অপর শিক্ষিকা মোঃ শাহজাহান আলীর স্ত্রীকে অন্যত্র বদলীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া | অভিযুক্ত শিক্ষকদের অন্যত্র বদলী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে |
| চলতি বর্ষা মৌসুমে উপজেলার শ্রীকোলা মোড় হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষ রোপন নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া | শ্রীকোলা মোড় হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষ রোপনের কোন তৎপরতা পরিলক্ষিত হচ্ছে না |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের ক্ষুদ্র মেরামতের আওতায় উপজেলা বিআরডিবি মিলনায়তনটি মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া | উপজেলা নির্বাহী অফিসার নিজ উদ্যোগে বিআরডিবি মিলনায়তনটি মেরামত করেছেন। |
| উল্লাপাড়া পৌর শহরে সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করাসহ মশা নিধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে ইউনিয়ন পর্যায়ে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করতে হবে। | মেয়র, উল্লাপাড়া পৌরসভা, ইউপি চেয়ারম্যান (সকল) | উল্লাপাড়া পৌর শহরে সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করাসহ মশা নিধনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র, উল্লাপাড়া পৌরসভাকে পত্র প্রেরণ করা হয়েছে। |
| স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রশাসনিকভাবে অনুমোদিত উপজেলা পরিষদের পুকুরের প্রোটেকশন ওয়ার্কের মাধ্যমে সংস্কার ও পেপড টাইলসসহ ওয়াকওয়ে নির্মাণ কাজ ও শিশুপার্ক সংস্কার প্রকল্পসমূহের প্রাক্কলনে প্রয়োজনীয় সংশোধন করে দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রশাসনিকভাবে অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলনে প্রয়োজনীয় সংশোধন করে দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরুর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | জুলাই/২০২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | জুলাই/২০২৩ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :** | | |
| | ১। স্থানীয় সরকার বিভাগের ১২-০৭-২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.১১১.২০১৪.৩২৪ নম্বর স্মারক পত্রটি সভায় উপস্থাপন করেন। উক্ত স্মারক পত্রে ক) উপজেলা পরিষদের অভ্যন্তরের পুকুরে প্রোটেকশন ওর্য়াক বাবদ ২৬.০৩ লক্ষ টাকা খ) পুকুরের চারদিকে ওয়াকওয়ে নির্মান বাবদ ৩০.৪০ লক্ষ টাকা এবং গ) উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশু পার্কের দোলনা স্লিপার ও ব্যালেন্স মেরামতসহ সিসি ঢালাই নির্মাণ বাবদ ৯.০৪ লক্ষ টাকা সর্বমোট ৬৫.৫৭ লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে উক্ত ব্যয় নির্বাহ করা হবে। ই-জিপি টেন্ডারের মাধ্যমে এলটিএম পদ্ধতিতে টেন্ডার আহবানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রশাসনিকভাবে অনুমোদিত প্রকল্পসমূহের প্রাক্কলনে প্রয়োজনীয় সংশোধন করে দ্রুততম সময়ের মধ্যে কাজ শুরু করার জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী উল্লাপাড়া |
| | ২। অতি বর্ষনের কারনে উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ রাস্তাগুলো ব্যাপক ক্ষতিসাধিত হয়েছে। আরইআরএমপি মহিলাদের মাধ্যমে মাটির কাজ সম্পন্ন করা হলেও অন-পেভমেন্ট এ ডাব্লিউবিএম এর কাজ করা প্রয়োজন। বিধায় ইউনিয়ন পর্যায়ে অর্থ বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ২। বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ জনগুরুত্বপূর্ণ রাস্তাসমূহের ক্ষতিগ্রস্থ অংশ জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৩। উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন (পশ্চিম পাশের রাস্তা ও আবাসিক ভবন টগর সংলগ্ন) সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় উক্ত ভবনের নীচতলার চারটি কলাম এবং | ৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের (পশ্চিম পাশের রাস্তা ও আবাসিক ভবন টগর সংলগ্ন) নীচতলার চারটি | উপজেলা প্রকৌশলী, |

| | | | |
|---|---|---|---|
| | পশ্চিম পাশের প্লাস্টার নষ্ট হয়ে গেছে। এছাড়া গেজেটেড ডরমেটরি পরিদর্শন কালে দেখা যায় পেরাপেট ও নীচতলা কলামের ক্ষতিসাধিত হয়েছে যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>৪। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন মেরামত বাবদ ২.০০ লক্ষ টাকার একটি পিআইসি গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | কলাম মেরামত ও পশ্চিমপাশের প্লাস্টার এবং গেজেটেড ডরমেটরির পেরাপেট ও নীচতলার কলাম মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৪। বিস্তারিত আলোচনান্তে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন মেরামত বাবদ ২.০০ লক্ষ টাকার পিআইসি গঠনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>পিবিজিএসআই এর দ্বিতীয় ধাপে নির্বাচিত ১১টি শিক্ষা প্রতিষ্ঠান ০৫ লক্ষ টাকা করে পাবেন। এ লক্ষ্যে প্রকল্পের প্রধান কার্যালয় হতে গত ০৯-০৮-২০২৩ তারিখ সফটওয়ার আপলোড করা হয়েছে যাতে ২১টি ছক পূরণপূর্বক আপলোড করে আগস্ট, ২০২৩ মাসের মধ্যে চুড়ান্ত তালিকা প্রেরণ করতে হবে।<br><br>২। গালর্স ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের জন্য উল্লাপাড়া উপজেলায় মোট ৩১টি প্রতিষ্ঠান তালিকাভুক্ত হয়। তন্মোধ্যে ০৩ টি প্রতিষ্ঠানে শতভাগ কাজ সম্পন্ন হয়েছে। ২১টি প্রতিষ্ঠানে ৮০% কাজ সম্পন্ন হয়েছে, ০৪টি প্রতিষ্ঠানে ৬০% কাজ সম্পন্ন হয়েছে। উধুনিয়া মানিকজান উচ্চ বিদ্যালয়, চৌবিলা উচ্চ বিদ্যালয়, কয়ড়া স্কুল এন্ড কলেজে কোন কাজ হয়নি।<br><br>৩। আগামী ১৭ আগষ্ট, ২০২৩ খ্রি. তারিখ হতে এইচ এস সি ও সমমানের পরীক্ষা, ২০২৩ শুরু হবে। ইতোমধ্যেই পরীক্ষার সমস্ত প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সুষ্ঠ, সুন্দর পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয়। | পিবিজিএসআই এর দ্বিতীয় ধাপ নির্বাচিত প্রতিষ্ঠানের তথ্য আপলোডের কাজ নিবিড় তদারকির মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br><br>২। গালর্স ফ্যাসিলিটিজ কক্ষ নির্মানের জন্য মনোনীত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে অদ্যাবধি কাজ শুরু করা হয়নি সেসকল শিক্ষা প্রতিষ্ঠানে কাজ শুরু না করার বিষয়ে কারণ দর্শানোর সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>৩। সুষ্ঠু, সুন্দর, শান্তিপূর্ণ পরিবেশে এইচ এস সি পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে যথাসময়ের মধ্যে প্রয়োজনীয় সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি :**<br><br>চলতি খরিফ-২ মৌসুমে রোপা আমনের লক্ষ্যমাত্রা ছিল ১১০৪০ হেক্টর অদ্যাবধি রোপন সম্পন্ন হয়েছে ৫৪৪৫ হেক্টর। বিগত ০৩ দিনের টানা বৃষ্টির কারনে রোপা আমনের ৩৫ হেক্টর জমি ও গ্রীষ্মকালীণ সবজির ১০ হেক্টর জমি নিমজ্জিত হয়েছে। বৃষ্টির পানি নেমে যাওয়ায় বিশেষ কোন ক্ষয়ক্ষতি হয়নি। বাজারে সারের সরবরাহ সুষ্ঠু থাকায় ফসল উৎপাদন নিরবিচ্ছিন্ন ভাবে চলমান রয়েছে। | রোপা আমনে প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সারিতে রোপন, লোগো, পার্টিং ও সুষম সারের ব্যবহার নিশ্চিত করার জন্য মাঠ পর্যায়ে তদারকি চলমান রাখতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৬ | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>আগামী ২১-০৮-২০২৩ খ্রি. তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেণি হতে ৫ম শ্রেণির দ্বিতীয় প্রান্তিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। বেতুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন আধাপাকা ভবনের পূর্বপাশের অব্যবহৃত কক্ষ ভেঙ্গে তদস্থলে ওয়াশব্লক নির্মাণ করা শুরু করা হয়েছে।<br><br>বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর কিছুটি স্থানান্তর করে এলাকার মানুষের চলাচলের জন্য রাস্তা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক নির্মাণ কাজ নিবিড় তদারকি নিশ্চিত করতে হবে।<br><br>বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সরেজমিনে পরিদর্শন করে সীমানা প্রাচীর স্থানান্তর করে রাস্তা সৃষ্টির বিষয়ে প্রয়োজীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি :**<br><br>**প্রাণি সম্পদ বিভাগ :**<br><br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান এলএসডি রোগ প্রতিরোধে ভ্যাকসিনেশন ক্যাম্প পরিচালনা এবং সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। জাত উন্নয়ন কর্মসূচির আওতায় কৃত্রিম প্রজনন ১৪৪০টি গাভীর কৃত্রিম প্রজনন করা হয়েছে এবং কার্যক্রম চলমান | গবাদি প্রাণির শতভাগ ভ্যাকসিন নিশ্চিত করতে হবে। এলএসডি রোগ প্রতিরোধে ভ্যাকসিনেশন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে উপজেলা পরিষদ হতে আর্থিক বরাদ্দ প্রদানের বিষয়ে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | রয়েছে। এলএসডি রোগের ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান রাখতে উপজেলা পরিষদ হতে আর্থিক সহযাগিতা প্রদানের অনুরোধ জানান। সরকারিভাবে হাস মুরগীর টিকার সরবরাহ নিশ্চিত করা হয়েছে। | সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের মাধ্যমে গবাদি প্রাণি বিতরণের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখতে হবে। | |
| | **মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া জানান আগামী ১৩ আগষ্ট, ২০২৩ খ্রি. তারিখ উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তকরণ করা হবে। এ বছর ০৭টি জলাশয়ে প্রায় ৪৭২ কেজি পোনা মাছ অবমুক্ত করা হবে। গত ২৪-৩০ জুলাই, ২০২৩ খ্রি. তারিখ জাতীয় মৎস্য সপ্তাহ সফলভাবে সম্পন্ন হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চলতি মাসে উপজেলার শ্রীকোলা বাজারে ও উল্লাপাড়া বাজারে অভিযান পরিচালনা করে ৭কেজি রুই জাতীয় মাছের পোনা জব্দ করা হয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | মৎস্য সম্পদ রক্ষায় অভিযান জোরদার করতে হবে। মা-মাছ, পোনা মাছ ক্রয়-বিক্রয় বন্ধে তথ্য দিয়ে উপজেলা মৎস্য বিভাগকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। চায়না দুয়ারী জাল ক্রয়-বিক্রয় ও মজুদকারীদের বিষয়ে গোপনে তথ্য সংগ্রহ করতে হবে এবং অভিযান জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি :**<br>সভায় উপস্থিত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫,০৪,২০,০০০/- টাকা। প্রতিবেদনাধীন মাসে আদায়যোগ্য ঋণের পরিমান ২,৪২৯০০/- টাকা । **যুব** প্রশিক্ষণ পুরুষ ৩৪১৯, মহিলা ২২০৯, আত্নকর্মী পুরুষ ২৮১৩, মহিলা ৯১০। চলতি মাসে ২১ জন প্রশিক্ষিত যুব ও যুব মহিলাকে ১১,৪০,০০০/- ঋণ প্রদান করা হবে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী মাসে ৩০ জন বেকার যুব ও যুব মহিলাকে স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হবে। ১২জন যুব ও যুব মহিলাকে আত্নকর্মী করা হয়েছে। ০৮ জন বেকার যুব ও যুব মহিলাকে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদানের জন্য যুব উন্নয়ন কেন্দ্রে পাঠানো হয়েছে। | ঋণ বিতরণ, ঋণ আদায় এবং প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি :**<br>**পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসের আওতায় ০৭ টি প্রকল্পের কাজ করা হয়। তন্মেধ্যে ০৬টি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয় এছাড়া পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে ছোট ছোট নির্মান কাজ করা হয়। ঋণ কার্যক্রমের ০৬টি প্রকল্পের মধ্যে শুধুমাত্র মুক্তিযোদ্ধা প্রকল্পে ৩৬৪০০০/- টাকা ঋণ খেলাপী রয়েছে। অন্য কোন প্রকল্পে ঋণ খেলাপী নেই। চলতি মাসে ০৪টি সমিতির ৮৭ জন সদস্যের মাঝে ৩০৫০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। চলতি মাসে ঋণ আদায় ২৯০২০০০/- টাকা। | ঋণ বিতরণে আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার দিতে হবে। সেই সাথে ঋণ বিতরণ, ঋণ আদায় কাজে স্বচ্ছতা বজায় রেখে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | **সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া জানান আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে ০৬টি আশ্রয়ণ প্রকল্প সমিতি গঠন করা হয়েছে। মোহনপুর দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র মিল্কভিটা এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে দুধের সমস্যার বিষয়ে আলোচনা হয়েছে। বর্তমানে দুধের আর কোন সমস্যা নাই । পর্যাপ্ত পরিমান দুধ খামারিদের নিকট থেকে পাওয়া যাচ্ছে। | আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের নিয়ে সমিতি গঠনসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ**<br>১। অত্র উপজেলায় চলতি বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ০৩-০৫-২০২৩ খ্রি. তারিখের ৯৬ ও ১০০ নম্বর স্মারকে ৩১০২ মেঃ টন চালের বরাদ্দ পাওয়া গেছে। তন্মেধ্যে ২৯২১ মেঃ টন চাল সংগ্রহ হয়েছে। অবশিষ্ট ১৮১ মেঃ টন চাল সংগ্রহের অপেক্ষায় | প্রকৃত কৃষকদের নিকট হতে এবং বৈধ লাইসেন্সধারী মিলারের নিকট হতে ধান ও চাল সংগ্রহ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উল্লাপাড়া সংশ্লিষ্ট ট্যাগ |

| | | | |
|---|---|---|---|
| | ২। অত্র উপজেলায় চলতি বোরো সংগ্রহ ২০২৩ মৌসুমে খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ৯৬ নম্বর স্মারকে ২৩৮৪ মেঃ টন ধান ক্রয়ের বরাদ্দ পাওয়া গেছে। তন্মধ্যে অদ্যাবধি ২৪৯ মেঃ টন ধান সংগ্রহ হয়েছে। অবশিষ্ট ২১৩৫ মেঃ টন ধান সংগ্রহের অপেক্ষায় আছে।<br><br>৩। ওএমএস (টিসিবি) কর্মসূচির আওতায় আগষ্ট, ২০২৩ মাসে ১২৩ মেঃ টন চাল এর বিলি আদেশ জারী করা হয়েছে। | | |
| ১১ | **বন ও পরিবেশ বিষয়ক কমিটি ঃ**<br><br>সভায় উপস্থিত উপজেলা বন কর্মকর্তার প্রতিনিধি জানান শ্রীকোলা হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় আরও বৃষ্টি হলে বৃক্ষ রোপন কার্যক্রম দ্রুত শুরু করা হবে। | শ্রীকোলা মোড় হতে ধামাইকান্দি পর্যন্ত রাস্তায় কর্তণকৃত গাছের ইউনিয়ন পরিষদের অংশ হিসেবে পুর্নিমাগাতী ইউনিয়ন ও উল্লাপাড়া সদর ইউনিয়নের অংশ নীতিমালা অনুযায়ী দ্রুততম সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। এছাড়া উক্ত গাছ বিক্রির অর্থ হতেই নতুন গাছ লাগানোর বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত রাস্তায় নতুন গাছ রোপনের কাজ সম্পন্ন করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১২ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br><br>উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য আগষ্ট, ২০২৩ মাসে সম্ভাব্য মোট ২০০০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আনুষাংগিক, আপ্যায়ন বিল পরিশোধ খাতে ৩৫,০০০/- টাকা। মালী উপজেলা পরিষদ, উল্লাপাড়া এর পারিশ্রমিক বাবদ ১৫৯৫০/- টাকা এবং সুইপার উপজেলা পরিষদ এর পারিশ্রমিক বাবদ ১৪৫০০/- টাকা। আগষ্ট, ২০২৩-উপজেলা বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল বাবদ ৩৪৯১৭/- টাকা এবং সলপ ইউনিয়নের সোনতলা পর্যটনকেন্দ্রে বিদ্যুৎ সংযোগ প্রদান বাবদ ৬৫৬৫/- টাকার বিল পাওয়া গেছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া মহোদয়ের ব্যবহৃত টেলিফোন নম্বর ০২৫৮৮৮৩৩৯৫৪ এর জুন, ২০১২ হতে জুলাই, ২০২৩ পর্যন্ত সময়ের টেলিফোন বিল বাবদ সর্বমোট ৯৮৪২/-। আবাসিক ভবন ডালিয়া ৭/৩ এ টুকিটাকি মেরামত বাবদ ২৪৯৭০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা গেজেটেড ডরমেটরির ফ্যান ক্রয় বাবদ ২৪৮০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য আসবাব ক্রয় বাবদ ২৪৬০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উক্ত ব্যয় পরিশোধ করা প্রয়োজন। | উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১৩ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া জানান প্রতিবেদনাধীন মাসে সিএসবিএ মাঠ সেবা ১৬ জনের প্রশিক্ষণ আছে এ এন সি-১ ১৩৪ এ এনসি-২ ১২১ এ এনসি-৩ ৯৭ এ এনসি৪ ৮৩, হাসপাতালে ই ও সি সেবা এনভিডি, ৪৫ জন, সিজার ০২ জন, যক্ষা ও কুষ্ঠ সেবা, যক্ষা পরীক্ষা ৯৩৮, কেস -৮০ টি লেপ্রসি পরীক্ষা ০৬টি, কেস ০০, এ আর আই রোগী সেবা ৬৩জন, ডায়রিয়া রোগী সেবা ১৬১ জন, জন্ম ৮৬৫ জন, মৃত্যু ১৫১ জন, ইপিআই সেবা ৮৫%, বেড অকুপেন্সি রেট ৮২%, ভায়া ও সি বি ই পরীক্ষা ভায়া-১৪৩, সিবিই ১৪৩। চিকিৎসা প্রাপ্ত রোগী বহিঃ ৬৮৫১, অন্তঃ ৫৫৯, জরুরী ১২৭৫ | ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে। হাসপাতালের আশেপাশের এলাকায় পরিস্কার পরিছন্নতা নিশ্চিত করতে হবে। ডেঙ্গু প্রতিরোধে মাঠ পর্যায়ের কর্মচারীর প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>সভায় উপস্থিত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া জানান প্রতিবেদনাধীন মাসে খাবার বড়ি বিতরণ ৪২৯ জন, কনডম বিতরণ ১৬৬ জন, ইনজেকশন ২৮৩ জন, আইইউডি ৬৯ জন, ইমপ্লান্ট ৪৬ জন, বন্ধাকরণ পুরুষ ০৫জন, মহিলা ২২ জন। বর্তমানে উপজেলার ১৪টি | সলঙ্গা ও উধুনিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মূল সড়ক হতে সংযোগ রাস্তা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়নের মোট ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং একটি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, একটি এমসি এইচ ইউনিট চলমান ও সেবাদানের আওতায় আছে। সলঙ্গা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মূল সড়ক হতে ১৫০ ফিট এবং উধুনিয়া কেন্দ্রে মূল সড়ক হতে ২০০ ফিট সংযোগ সড়ক নির্মাণ করা প্রয়োজন। সলঙ্গা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নাই এবং পুরাতন ভবন বহিরাগতদের দখলে আছে। হাটিকুমরুল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদান ভবন হাইওয়ে সম্প্রসারণ কাজের জন্য ভাঙ্গা পড়েছে এবং সীমানা প্রাচীর না থাকায় সরকারি সম্পত্তি বেদখল হচ্ছে। উধুনিয়া স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর আংশিক নির্মান করা প্রয়োজন। পুরাতন ভবন বহিরাগতদের দখলে আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের অধীনে পরিচালিত যেসকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নাই সেসকল কেন্দ্রে সীমানা প্রাচীর নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র যোগাযোগ নিশ্চিত করতে হবে। এছাড়া যেসকল কেন্দ্রের জায়গা অবৈধভাবে দখল করা হয়েছে সেসকল কেন্দ্রের জায়গা দ্রুত দখলমুক্ত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৫ | **উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন উপজেলা সমাজ সেবা দপ্তরের উপকারভোগীদের লাইভ ভ্যারিফিকেশনের কাজ চলমান রয়েছে। যে সকল উপকারভোগীর অনলাইন জন্মনিবন্ধন নাই এবং প্রতিবন্ধীর প্রতিবন্ধী বিষয়ক পরিচয়পত্র নাই তাদের ভাতাবহি সাময়িকভাবে জমা নেওয়া হচ্ছে। অনলাইন জন্ম নিবন্ধন ও সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রতিবন্ধী বিষয়ক পরিচয়পত্র প্রদান সাপেক্ষে তাদেরকে ভাতা বহি ফেরত প্রদান করা হবে। | সকল ভাতাভোগীদের শতভাগ জন্ম নিবন্ধন দ্রুততম সময়ের মধ্যে নিশ্চিত করতে হবে।<br><br>প্রতিবন্ধী ভাতাভোগীদের প্রতিবন্ধী পরিচয় পত্র প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৬ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তিতে কাবিখা বরাদ্দ ৬৩,৩১,০৭৪/- টাকা, টিআর বরাদ্দ ৪৬,০৫,২৬৩/- টাকা, গম- ৩০.৫৪৪ মেঃ টন, চাল- ৩০.৫৪৪ মেঃ টন বরাদ্দ পাওয়া গেছে। প্রাপ্ত বরাদ্দ মোতাবেক ইউপি চেয়ারম্যানগণকে তালিকা প্রেরণের জন্য. অনুরোধ জানান। ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক প্রেরিত তালিকা জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে দ্রুত প্রকল্পের কাজ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ২০২৩-২০২৪ অর্থ বছরে কাবিখা ও টিআর খাতের প্রকল্প তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া এর কার্যালয়ে জমা প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>বীর মুক্তিযোদ্ধাগণের জন্য নির্মিত বাসগৃহ বীরনিবাস এর নির্মাণ কাজের গুনগত মান নিশ্চিত করাসহ নিবিড় তদারকি করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, |
| ১৭ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া জানান ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় উপকারভোগীদের জুলাই-আগষ্ট মাসের খাদ্য বরাদ্দ না থাকায় ডিও দেওয়া সম্ভব হয়নি। বরাদ্দপত্র পাওয়া মাত্র ডিও প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। ভিডাব্লিউবি কর্মসূচির ২৫৯৮ জনের মধ্যে মাত্র ৪২ জনের অনলাইন জন্ম নিবন্ধন বাকী আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে জোর প্রচেষ্টা চালানো হচ্ছে।<br><br>২। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় নতুন নির্দেশনা অনুযায়ী প্রতি ইউনিয়নে ০৬জন এবং পৌরসভায় ১৩জন মোট ৯৭জন উপকারভোগীর অনলাইন করা যাবে। চলমান মা ও শিশু সহায়তা কর্মসূচির ২৭২৪জন উপকারভোগীর মধ্যে ১১৭ জনের অনলাইন জন্ম নিবন্ধন বাকী আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে জোর প্রচেষ্টা চালানো হচ্ছে। | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের সকল উপকারভোগীদের মধ্যে যাদের জন্ম নিবন্ধন অনলাইন হয়নি তাদের দ্রুততম সময়ের মধ্যে অনলাইন নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **আইসিটি অধিদপ্তর, উল্লাপাড়া**<br><br>শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের ১০দিন ব্যাপী আইসিটি প্রশিক্ষণের শেষ ব্যাচ গত ০৩-০৮-২০২৩ খ্রি. তারিখ এইচ টি ইমাম গালর্স স্কুল এন্ড কলেজের শেখ রাসেল ডিজিটাল ল্যাবে শুরু হয়েছে। চলতি আগষ্ট, ২০২৩ মাসে ০৩টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করা হয়েছে।<br><br>পল্লী সঞ্চয় ব্যাংক, মহিলা বিষয়ক অফিস, প্রাণি সম্পদ অফিস তাদের দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ করেছে। ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন | শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন অব্যাহত রাখতে হবে। উপজেলা ওয়েব পোর্টালে নতুন তথ্য/অফিস যুক্ত করা এবং ওয়েব পোর্টাল হালনাগাদ করতে সংশ্লিষ্ট দপ্তরকে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে।<br><br>যেসকল সরকারি দপ্তরের তথ্য উপজেলা ওয়েব পোর্টালে যুক্ত নাই সেসকল দপ্তরের তথ্য জরুরী | সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া<br><br>সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ, |

| | | | |
|---|---|---|---|
| | বিএডিসি (ক্ষুদ্র সেচ), উল্লাপাড়া জোন, এএসপি, উল্লাপাড়া সার্কেল, ইসলামিক ফাউন্ডেশন, মৎস্য কর্মকর্তার কার্যালয়, উল্লাপাড়া ৩০ শয্যা বিশিষ্ট হাসপাতাল দপ্তরগুলো উপজেলা ওয়েব পোর্টালে যুক্ত নেই। | ভিত্তিতে উপজেলা ওয়েব পোর্টালে যুক্ত হতে হবে। এ বিষয়ে প্রয়োজনে সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া এর সহযোগিতা গ্রহণের করতে হবে। | উল্লাপাড়া |
| ১৯ | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>গত ০৬-০৮-২০২৩ খ্রি. তারিখে মটর ড্রাইভিং প্রশিক্ষণার্থী ০১ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ০৫-০৮-২০২৩ খ্রি. তারিখ হতে ১০জনের অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ চলমান রয়েছে। ১৩-০৮-২০২৩ খ্রি. তারিখ সেলাই মেশিন প্রশিক্ষনের জন্য ০১ জন ভিডিপি সদস্য প্রশিক্ষণ গ্রহণ করেছেন। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর পক্ষে থেকে ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। | বাল্য বিবাহ, মাদক, জুয়া প্রতিরোধে উপজেলা আনসার ও ভিডিপি সদস্যদের তৎপরতা পরিলক্ষিত হচ্ছে না। বাল্য বিবাহ, মাদক, জুয়া প্রতিরোধে প্রয়োজনীয় তথ্য দিতে আনসার ও ভিডিপি সদস্যদের নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২০ | **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উল্লাপাড়া**<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরের সাধারণ বরাদ্দ হিসেবে প্রতি ইউনিয়নে ২৬টি করে মোট ৩৬৪টি অগভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। আগামী নভেম্বর থেকে ডিসেম্বর মাসের মধ্যে মাঠ পর্যায়ে কাজ শুরু করা হবে। এছাড়া বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোমলমতি শিক্ষার্থীদের স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনের জন্য ওয়াশব্লক নির্মান কাজ চলমান আছে। | বরাদ্দ প্রাপ্ত অগভীর নলকূপ স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন অনুযায়ী যথাযথ গভীরতায় স্থাপন নিশ্চিত করতে হবে এবং গোড়া পাকাকরণের কাজ দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্ন করতে হবে | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ২১ | **সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, উল্লাপাড়া**<br><br>২০২৩-২০২৪ অর্থ বছরে বিএডিসি'র আওতায় পাবনা - নাটোর - সিরাজগঞ্জ জেলায় ভূ-উপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প চলমান আছে। প্রকল্পের আওতায় উল্লাপাড়া উপজেলায় কাজের লক্ষ্যমাত্রা ০৫কিউসেক বিদ্যুৎ চালিত এলএলপি স্থাপন ২০টি, ০২ কিউসেক বিদ্যুৎ চালিত এলএলপি স্থাপন ২০টি, ১.৫ কিউসেক সোলার এলএলপি স্থাপন ২০টি এছাড়া ১৩৬টি সেচযন্ত্র উল্লাপাড়া উপজেলা সচল রয়েছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী এলএলপি স্থাপনের কাজ দ্রুততম সময়ের মধ্যে শুরু করতে হবে। নতুন সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে দায়িত্বশীলতার সাথে তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, উল্লাপাড়া |
| ২২ | **চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যেমে স্থাপিত নলকূপ ইতোমধ্যেই নষ্ট হয়ে গেছে। দেখার অনুরোধ জানান। এছাড়া রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ ভবনের পাশে বিএডিসি'র একটি পরিত্যাক্ত পাম্প হাউজ রয়েছে যা জড়াজীর্ণ ও ঝুকিপর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে ঝুকিপূর্ণ পাম্প হাউজটি ভেঙ্গে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br><br>এছাড়া রামকৃষ্ণপুর ইউনিয়নের দবিরগঞ্জ থেকে সলঙ্গা সংযোগ সড়কের রাস্তা ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে মেরামত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে নির্দেশনা প্রদান করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। | রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের মাসিক সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ পূর্বক বিএডিসি'র পুরাতন ঝুকিপূর্ণ পাম্প হাউজটি ভেঙ্গে অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঝুকিপূর্ণ পাম্প হাউজের পরিত্যাক্ত মালামাল (রড, ইট) বিক্রয়লব্ধ অর্থ রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>বর্ণিত রাস্তার ক্ষতিগ্রস্থ অংশ দ্রুত মেরামত করতে সংশ্লিষ্ট ঠিকাদারকে চাপ প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত জামানত ফেরত প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড় |
| ২৩ | **চেয়ারম্যান, বড়পাঙ্গাসী ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের হাওড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনটি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। নতুন ভবন নির্মান করা প্রয়োজন। সেই সাথে পুরাতন ভবনটি ভেঙ্গে অপসারণ করা প্রয়োজন।<br><br>এছাড়া বাংলাপাড়া হতে উধুনিয়া পর্যন্ত রাস্তায় ব্লক এর উপরে ঢালাইয়ের কাজ করা জরুরী অন্যাথায় অতিবৃষ্টির কারণে ব্লক সরে যেতে পারে। বিষয়টি জরুরী ভিত্তিতে দেখার অনুরোধ জানান। সেই সাথে চক-খাদুলী হতে বাবুলিদহ পর্যন্ত রাস্তাটি পাকা করার অনরোধ জানান। | হাওড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করে পুরাতন ভবনটি অপসারণ ও নতুন ভবন নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাংলাপাড়া হতে উধুনিয়া পর্যন্ত রাস্তায় ব্লক এর উপরে ঢালাইয়ের কাজের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হেব। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **চেয়ারম্যান, বড়হর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের ব্রক্ষ্মকপালিয়া ব্রীজের কাছে একটি স্কুলের ও একটি কমিউনিটি ক্লিনিকের সংযোগ হেরিং বন্ড রাস্তা আছে উক্ত রাস্তাটি মেরামত করা প্রয়োজন। এছাড়া তেতুলিয়া হতে বড়হর পর্যন্ত রাস্তাটি মেরামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সরেজমিনে পরিদর্শনপূর্বক ব্রক্ষ্মকপালিয়া ব্রীজের কাছে ক্ষতিগ্রস্থ হেরিং বন্ড রাস্তাটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৫ | **চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি**<br><br>তিনি বলেন পুর্নিমাগাতী ইউনিয়ন থেকে কয়ড়া হয়ে মোহনপুর পর্যন্ত রাস্তায় বেতুয়া ও ভেংড়ী ক্লিনিকের সামনে রাস্তা ভেঙ্গে গেছে। জরুরী ভিত্তিতে ভাঙ্গা অংশ মেরামত করা প্রয়োজন। এছাড়া তার ইউনিয়নের পুর্নিমাগাতী নদীতে কচুরি পানায় পূর্ণ হয়ে গেছে। দ্রুত কচুরি পানা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। হাট দেলুয়া থেকে গোয়ালজানি পর্যন্ত এলজিইডি'র রাস্তা ভেঙ্গে গেছে দেখতে হবে। | সরেজমিনে পরিদর্শন পূর্বক বেতুয়া ও ভেংড়ী ক্লিনিকের সামনে রাস্তা মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৬ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br><br>তিনি বলেন উধুনিয়া ইউনিয়ন পরিষদ ভবন হতে চান্ডালগাতী পর্যন্ত রাস্তাটির ০৪কিলোমিটার বাকী আছে। উক্ত রাস্তাটি চলতি অর্থ বছরের এডিপি/ইউডিএফ এর বরাদ্দ দ্বারা সম্পন্ন করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। বর্ণিত রাস্তাটি উপজেলা প্রকৌশল দপ্তর, উল্লাপাড়া এর আইডিভুক্ত। | উধুনিয়া ইউনিয়ন পরিষদ ভবন হতে চান্ডালগাতী পর্যন্ত রাস্তাটির ০৪ কিলোমিটার কাজ চলতি অর্থ বছরের সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৭ | **চেয়ারম্যান, মোহনপুর ইউপি**<br><br>তিনি তার ইউনিয়নের মোহনপুর রেল গেট হতে দহকুলা পর্যন্ত রাস্তাটি মেরামতের অগ্রগতি বিষয়ে জানতে চান। সাতবিলা হতে ভাদালিয়াকান্দি পর্যন্ত রাস্তাটি প্রসস্থ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। উক্ত রাস্তাটিতে সর্বশেষ ২০১৪ সালে সংস্কার করা হয়। দীর্ঘদিনের সংস্কারের অভাবে রাস্তাটি ক্ষতিগ্রস্থ হয়েছে মেরামত করা প্রয়োজন। এছাড়া তার ইউনিয়নের কোনাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি পুরাতন হয়ে পড়েছে। নতুন ভবন নির্মাণ করা প্রয়োজন। | সরেজমিনে পরিদর্শন পূর্বক মোহনপুর ইউনিয়নের ক্ষতিগ্রস্থ রাস্তাসমূহ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৮ | **চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের লটার পুকুর খননের জন্য বিএডিসি অফিস থেকে পরিমাপ করা হয়েছে কিন্তু অদ্যাবধি পুকুর খননের কাজ শুরু হয়নি। ধামাইকান্দি হতে আঙ্গারু পর্যন্ত রাস্তাটি আরসিসি করার অনুরোধ জানান। | বাঙ্গালা ইউনিয়নের লটার পুকুর সরেজমিনে পরিদর্শন করে খননের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২৯ | **চেয়ারম্যান, দূর্গানগর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের মহিষাখোলা ডিপকল থেকে শ্যামপুর বাজার পর্যন্ত রাস্তাটি ইউনিয়নের একটি অতি গুরুত্বপূণ রাস্তাটি। রাস্তাটি নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নের চরবেড়া বিল হতে জমে থাকা পানি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | সরেজমিনে পরিদর্শন পূর্বক মহিষাখোলা থেকে শ্যামপুর বাজার পর্যন্ত রাস্তা নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ৩০ | **চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি**<br><br>বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়ালের নির্মানের কারনে আশেপাশের এলাকার সাধারণ মানুষের চলাচলের রাস্তা বন্ধ হয়ে গেছে। বাউন্ডারী ওয়ালটি কিছুটি ভেতরের দিকে স্থানান্তর করা হলে এলাকার লোকজনের চলাচলের রাস্তা সুবিধা পাওয়া যাবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | বাখুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল কতটুকু অপসারণ করা হলে বিদ্যালয়ের নিরাপত্তার ক্ষেত্রে কোন সমস্যা হবে না এবং এলাকার সাধারণ মানুষের চলাচলের রাস্তা সুবিধা পাওয়া যাবে সে বিষয়ে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ৩১ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br><br>২০২২-২০২৩ অর্থ বছরের কোন কোন কাজ সম্পন্ন হয়নি তার তথ্য মাসিক সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে অনুরোধ জানানা। সম্প্রতি অতিবৃষ্টির কারনে গ্রামীণ রাস্তায় ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে। বিশেষ বরাদ্দ অথবা ১% এর অর্থ দ্বারা গ্রামীণ রাস্তা মেরামতের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | গ্রামীণ রাস্তা মেরামত খাতের জন্য ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট থেকে সংগ্রহের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ৩২ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া |
| | ২। জন্ম নিবন্ধন কার্যক্রম জোরদার করতে সংশ্লিষ্টদের অনুরোধ জানান। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া কে তাদের স্ব স্ব দপ্তরের সুবিধাভোগীদের শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে পুনরায় অনুরোধ জানান। | ২। উপজেলা সমাজ সেবা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক অফিসের সুবিধাভোগীদের মধ্যে কতজনের জন্ম নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং কতজনের জন্ম নিবন্ধন সম্পন্ন হয়নি তার বিস্তারিত তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, |
| | ৩। উপজেলা সকল দপ্তরের বিশেষ করে উপজেলা সমাজ সেবা দপ্তর, উপজেলা কৃষি দপ্তর, মহিলা বিষয়ক দপ্তর, উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর, উপজেলা যুব উন্নয়ন দপ্তরের উপকারভোগীদের মধ্যে সরকারের উন্নয়নমূলক ও পুনর্বাসনমূলক কাজের বিষয়ে অরাজনৈতিকভাবে তুলে ধরার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা সকল দপ্তরের উপকারভোগীদের মাঝে সরকারের উন্নয়নমূলক ও পুনর্বাসনমূলক কাজের বিষয়ে অরাজনৈতিকভাবে তুলে ধরতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ (সকল), উল্লাপাড়া |
| | ৪। সম্প্রতি ডেঙ্গু মশার প্রকোপ বৃদ্ধি পাওয়ায় উপজেলার সকল ইউনিয়ন পর্যায়ে ডেঙ্গু প্রতিরোধে মশা নিধক স্প্রে করার লক্ষ্যে সকল ইউনিয়ন পরিষদের অনুকূলে বিতরণের জন্য ফগার মেশিন ক্রয় প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করাহয়। | ৪। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা সকল ইউনিয়নে মশা নিধক স্প্রে নিশ্চিত করতে ফগার মেশিন ক্রয় প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ৫। সদ্য যোগদানকৃত সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়াকে অদ্যকার সভায় স্বাগত জানানো হয়। উপজেলার বিভিন্ন স্থানে জলাবদ্ধতা নিরসন, গভীর সেচযন্ত্রের পরিচালনা কমিটি নিয়ে সৃষ্ট বিরোধ নিষ্পত্তি, সেচ লাইসেন্স প্রদান সংক্রান্ত জটিলতা নিরসনে আন্তরিকতা ও দায়িত্বশীলতার সাথে কাজ করার জন্য অনুরোধ জানান। | ৫। উপজেলার বিভিন্ন স্থানে জলাবদ্ধতা নিরসন, গভীর সেচযন্ত্রের পরিচালনা কমিটি নিয়ে সৃষ্ট বিরোধ নিষ্পত্তি, সেচ লাইসেন্স প্রদান সংক্রান্ত জটিলতা নিরসনে আন্তরিকতা ও দায়িত্বশীলতার সাথে কাজ করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| | ৬। ইউনিয়ন ভিত্তিক জন্ম ও মৃত্যু নিবন্ধন তথ্যচিত্র: (নিচের সারণি দ্রষ্টব্য) | ৬। প্রতিবেদন দৃষ্টে দেখা যায় বড়হর, উধুনিয়া, বড়পাঙ্গাসী, হাটিকুমরুল, কয়ড়া, পঞ্চক্রোশী, পুর্নিমাগাতী, বাঙ্গালা ইউপি তাদের প্রমাপ অর্জন করতে পারেনি। উপজেলার প্রতিটি ইউনিয়নে জন্ম ও মৃত্যু নিবন্ধনের প্রমাপ অর্জনে সচেষ্ট থাকতে ইউপি সচিবদের নির্দেশনা প্রদান করা হয়। | ইউপি সচিব ও হিসাব সহকারী সংশ্লিষ্ট ইউপি, উল্লাপাড়া |

| ইউনিয়ন | জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য | | | মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রমাপ | ০-৪৫ | শতকরা | প্রমাপ | ০-৪৫ | শতকরা |
| বাঙ্গালা | ৫৩ | ৪৮ | ৯০.০০ | ১৪ | ১৮ | ১২৪.০ |
| বড় পাঃ | ৫০ | ৪১ | ৮১.৮ | ১৪ | ০৬ | ৪৪.০০ |
| বড়হর | ৬৮ | ৫১ | ৭৪.৬ | ১৯ | ১৯ | ১০২.০ |
| দূর্গানগর | ১০৪ | ১০১ | ৯৭.৪ | ২৮ | ৩২ | ১১৪.০ |
| হাটিকুমঃ | ৮৫ | ৭৫ | ৮৮.৫ | ২৩ | ১৬ | ৬৯.০ |
| কয়ড়া | ৩২ | ২৯ | ৮৯.৫ | ৯ | ১২ | ১১০.০ |
| মোহনপুর | ৬৭ | ৭০ | ১০৪.৭ | ১৮ | ২০ | ১১০.০ |
| পঞ্চক্রোশী | ৭৫ | ৬৮ | ৯০.৮ | ২০ | ১৫ | ৭৪.০ |
| পুনির্মাগাতী | ৮৪ | ৭৬ | ৯০.৩ | ২৩ | ১০ | ৪৪.০ |
| রামকৃষ্ণপুর | ৫৪ | ৫৪ | ১০০.৫ | ১৫ | ০৮ | ৫৫.০ |
| সলঙ্গা | ৬৮ | ৬৯ | ১০১.০ | ১৯ | ১৮ | ৯৭.০ |
| সলপ | ৫৪ | ৫০ | ৯২.৬ | ১৫ | ১৬ | ১০৯.০ |
| উধুনিয়া | ৫১ | ৩০ | ৫৯.৩ | ১৪ | ১৪ | ১০২.০ |
| সদর | ৪১ | ৪৩ | ১০৩.৭ | ১১ | ১১ | ৯৮.০ |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>মৎস্য সম্পদ রক্ষায় চায়না দুয়ারী জাল/কারেন্ট জাল ক্রয় বিক্রয় ও ব্যবহার বন্ধে অভিযান জোরদার করতে হবে। | চায়না দুয়ারী জাল/কারেন্ট জাল ক্রয়-বিক্রয় ও ব্যবহার বন্ধে অভিযান জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| | ২। ডেঙ্গু নিয়ন্ত্রণে সচেতনতা সৃষ্টি করতে হবে। বাড়ীর চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনে মাইকিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লাপাড়া পৌর শহরে পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে খালাখন্দ ও পৌরসভার ড্রেনগুলো নিয়মিত পরিস্কার করতে হবে। প্রতিদিন মশা নিধক স্প্রে নিশ্চিত হবে। | ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | মেয়র, উল্লাপাড়া পৌরসভা, ইউপি চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

১০/০৮/২৩

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৩-৮০৪ — তারিখ : ১০-০৮-২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, -------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

১০/০৮/২৩

( মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।